নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২
NAOGAON PALLI BIDYUT SAMITY-2
ISO 9001:2015 Certified

সিনিয়র জেনারেল ম্যানেজারের কার্যালয়
পল্লীতলা, নওগাঁ।
মোবাইল- 01769402190
E-mail : naogaonpbs2 @gmail.com
Web-http://pbs2.naogaon.gov.bd

স্মারক নং-২৭.১২.৬৪৭৫.৫৭৫.০১.০৩৮.২৩. ৮৮

তারিখঃ ২০ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ।
০৪ জানুয়ারী, ২০২৩ খ্রিঃ।

বিষয়ঃ "৫ এমভিএ পাওয়ার ট্রান্সফরমার লোড-আনলোড ও পরিবহনের (RFQ) দরপত্র বিজ্ঞপ্তি"

নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিম্নের ছকে বর্ণিত বিবরন অনুযায়ী ৫ এমভিএ পাওয়ার ট্রান্সফরমার লোড-আনলোড ও পরিবহনের জন্য প্রকৃত ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রম নং | বিবরন | নাম | পরিমাণ | ইউনিট ওয়েট (টন) | মোট ওজন | মাইলেজ (কিঃ মিঃ) | একক মূল্য (ভাড়া) (প্রতি কিঃ মিঃ) | মোট টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ধামইরহাট থেকে সূত্রইল (পোরশা) উপকেন্দ্র | ৫ এমভিএ পাওয়ার ট্রান্সফরমার | ১টি | ১৫.৫ | ১৫.৫ | ৪৫ | | |
| ২ | সূত্রইল থেকে শিশাহাট উপকেন্দ্র | ৫ এমভিএ পাওয়ার ট্রান্সফরমার | ১টি | ১৫.৫ | ১৫.৫ | ১৭ | | |
| | | | | | | | মোট= | |

শর্তাবলী:

০১। দরপত্র দাখিল ও খোলার তারিখ, সময় ও স্থানঃ দরপত্র আগামী ১৭/০১/২০২৩ খ্রিঃ তারিখ ১১:৩০ ঘটিকার মধ্যে (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (২) নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, পত্নীতলা, নওগাঁয় রক্ষিত টেন্ডার বাক্সে ফেলতে হবে এবং ঐ দিনেই ১১:৩৫ ঘটিকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০২। খামের উপরে '৫ এমভিএ পাওয়ার ট্রান্সফরমার লোড-আনলোড ও পরিবহনের দরপত্র' কথাটি উল্লেখ করতে হবে।

০৩। দরপত্রের সাথে চলতি ট্রেড লাইসেন্স (আয়কর সনদ, ভ্যাট রেজিষ্টেশন সনদপত্র ও ব্যাংক সলভেন্সী যদি থাকে) অভিজ্ঞতা সনদের (যদি থাকে) সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

০৪। নিজস্ব লেটার হেড প্যাডে দর উল্লেখ করতঃ প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে স্বাক্ষর করতে হবে। দরপত্রে কোনরূপ কাটাকাটি/ঘষামাজা গ্রহণযোগ্য হবেনা।

০৫। কার্যাদেশের সময়সীমার মধ্যে ৫ এমভিএ পাওয়ার ট্রান্সফরমার লোড-আনলোড ও পরিবহনের করতে হবে।

০৬। বর্ণিত মালামাল পরিবহনকালে কোন দুর্ঘটনা বা ক্ষতি হলে পরিবহন ঠিকাদার দায়ী থাকবেন। মালামাল পরিবহনের পূর্বে সমিতির সহিত যোগাযোগ করে তারিখ নির্ধারন করতে হবে।

০৭। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে অত্র সমিতির সহিত ট্রান্সফরমার পরিবহন সংক্রান্ত বিষয়ে ৩০০.০০ (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদন করতে হবে এবং বাপবিবো/সমিতির নিয়মানুযায়ী অন্যান্য শর্তাবলী প্রতিপালন করতে হবে।

০৮। কার্যাদেশ প্রাপ্তির পর ছকে বর্ণনা মোতাবেক পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের পুর্বে 'পাওয়ার ট্রান্সফরমার পরিবহন বীমা' করনের বিষয়টি নিশ্চিত করতে হবে। সাধারন বীমা কর্পোরেশন/গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অনুমোদিত যেকোন বীমা কোম্পানীর সহিত বহনযোগ্য পাওয়ার ট্রান্সফরমার পরিবহন বীমা চুক্তি সম্পাদন করতে হবে এবং বিলের সহিত বীমা সংশ্লিষ্ট কাগজপত্র সংযুক্ত করতে হবে। মালামাল পরিবহন শেষে As per Actual Basis এ প্রকৃত বীমার অর্থ সমিতি কর্তৃক পুনঃভরন করা হবে। পাওয়ার ট্রান্সফরমারের মূল্য বীমাকালীন সময়ে জানানো হবে।

০৯। ট্রান্সফরমার লোড-আনলোড ও পরিবহনের জন্য ট্রলি এবং লোডিং-আনলোডিং এর জন্য ক্রেন বা যে কোন যন্ত্রাদি কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকেই সংগ্রহ করতে হবে এবং এর জন্য কোন বিল দাবী করা যাবে না।

১০। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদানের সর্বোচ্চ ১৫ (পনেরো) দিনের মধ্যে পরিবহন কাজ সম্পাদন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ট্রান্সফরমার পরিবহনে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের ১% এর $\frac{১}{১০}$ অংশ হিসাবে জরিমানা কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

[অপর পাতা দ্রষ্টব্য]

১১। ট্রান্সফরমার পরিবহনের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে একাউন্টস পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে নিয়মানুয়ায়ী ভ্যাট/আয়কর কর্তন করা হবে।

১২। কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত। বিজ্ঞপ্তিতে উল্লেখ নাই এমন যে কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

04/01/2023

(প্রকৌঃ সন্তোষ কুমার সাহা)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধ সহ)

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বগুড়া জোন, বাপবিবো, বগুড়া।
০৪। জেলা প্রশাসক/পুলিশ সুপার, নওগাঁ।
০৫। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, নওগাঁ।
০৬। উপজেলা নির্বাহী অফিসার, পত্নীতলা, নওগাঁ।
০৭। মেয়র, পত্নীতলা পৌরসভা, নওগাঁ।
০৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ------------------------------------- পবিস ১/২/৩/৪।
০৯। এজিএম (অর্থ), নওগাঁ পবিস-২।
১০। এজিএম (আইটি), নওগাঁ পবিস-২ (ফেসবুক পেজ/নোটিশ বোর্ড/ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১১। মেসার্স -------------------------------------।
১২। নোটিশ বোর্ড/ওয়েব সাইট (http://pbs2.naogaon.gov.bd), নওগাঁ পবিস-২।

04/01/2023

(প্রকৌঃ সন্তোষ কুমার সাহা)
সিনিয়র জেনারেল ম্যানেজার